গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.০০০.১৫৭.৩৩.০০০৫.২৬.২৪৫

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ ধারা অনুযায়ী "ইলেকট্রনিক্স প্রোডাক্টস ডিস্ট্রিবিউটরস এসোসিয়েশন অব বাংলাদেশ" এর অনুকূলে বাণিজ্য সংগঠন লাইসেন্স ইস্যু প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ ধারা অনুযায়ী "ইলেকট্রনিক্স প্রোডাক্টস ডিস্ট্রিবিউটরস এসোসিয়েশন অব বাংলাদেশ" এর নামে ০৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখে ১৩/২০২৬ নম্বর বাণিজ্য সংগঠন (টি.ও) লাইসেন্স মঞ্জুর করা হয়েছে। লাইসেন্সে বর্ণিত শর্তাবলী প্রতিপালন আবশ্যক। লাইসেন্সটির কপি নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) ফর্দ।

০৭-০৯-২০২৬
চৌধুরী সামিয়া ইয়াসমীন
উপসচিব
ফোন : +৮৮ ০২ ৫৫১০০৫৩০
ফ্যাক্স : +৮৮ ০২ ৯৫৪০২১৩
ইমেইল : to2@mincom.gov.bd

জনাব শাকিরা আক্তার পিংকী, আহ্বায়ক
ইলেকট্রনিক্স প্রোডাক্টস ডিস্ট্রিবিউটরস এসোসিয়েশন অব বাংলাদেশ , ৫৩, বাইতুল আবেদ, রুম নং-২০৬, ২য় তলা, পুরানা প ল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.০০০.১৫৭.৩৩.০০০৫.২৬.২৪৫/১ (৭)

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিবন্ধক(অতিরিক্ত সচিব), নিবন্ধকের দপ্তর, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
২। প্রশাসক, এফবিসিসিআই, ৬০ মতিঝিল, বা/এ ঢাকা।
৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। সিস্টেম এনালিস্ট, আইটি শাখা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উক্ত লাইসেন্স এর কপি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭। ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক (বাণিজ্য সংগঠন) এর দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহাপরিচালক, বাণিজ্য সংগঠন অনুবিভাগ এর সদয় অবগতি জন্য)।



০৭-০৯-২০২৬
চৌধুরী সামিয়া ইয়াসমীন
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

লাইসেন্স নং-১৩/২০২৬

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর ২০২৬

বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ ধারা অনুযায়ী প্রদত্ত লাইসেন্স

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হয়েছে যে, কতিপয় ব্যক্তিবর্গ "ইলেকট্রনিক্স প্রোডাক্টস ডিস্ট্রিবিউটরস এসোসিয়েশন অব বাংলাদেশ" নামে বাণিজ্য সংগঠন প্রতিষ্ঠা করে একটি সাধারণ উদ্দেশ্য সাধনে এবং সংগঠনের অন্তর্ভুক্ত ব্যক্তি বা ব্যক্তি শ্রেণির প্রতিনিধিত্ব করার উদ্দেশ্যে একত্র হতে যাচ্ছে;

সেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ ধারা অনুসারে সরকার "ইলেকট্রনিক্স প্রোডাক্টস ডিস্ট্রিবিউটরস এসোসিয়েশন অব বাংলাদেশ" সংগঠনটিকে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে বাণিজ্য সংগঠন লাইসেন্স প্রদান করলো:

(ক) বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ ধারার অধীন প্রয়োজনীয় সকল শর্তাবলী পূরণপূর্বক লাইসেন্স প্রদানের তারিখ হতে ৬০ (ষাট) দিনের মধ্যে সংগঠনটিকে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে সীমাবদ্ধ দায়সহ এর নামের সঙ্গে "লিমিটেড" শব্দ ব্যবহার না করে নিবন্ধিকরণ করতে হবে;

(খ) সরকার কর্তৃক সংগঠনটির অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধিতে সরকার প্রয়োজনে পরবর্তীতে যে কোন সংশোধন/পরিবর্তন আনয়নের ক্ষমতা সংরক্ষণ করে এবং সরকার কর্তৃক অনুরূপ কোন নির্দেশনা প্রদান করা হলে সংগঠনটি এর সংঘস্মারক ও সংঘবিধিতে প্রয়োজনীয় সংশোধন করতে বাধ্য থাকবে;

(গ) যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে নিবন্ধনের পর নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক সত্যায়িত দু'টি ছাপানো সংঘস্মারক ও সংঘবিধির কপি এবং নিবন্ধন প্রত্যয়নপত্রের দু'টি ফটোকপি মহাপরিচালক, বাণিজ্য সংগঠন-এর নিকট জমা দিতে হবে (অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধির একটি কপি এসঙ্গে সংযুক্ত);

(ঘ) অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধির কোন বিধান বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর কোন বিধানের সঙ্গে সাংঘর্ষিক হলে আইনের বিধান প্রযোজ্য হবে এবং অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধিতে যে কোন অসঙ্গতি বা ত্রুটি সংশোধনপূর্বক নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর ও মন্ত্রণালয়ে উপস্থাপনপূর্বক পুনরায় অনুমোদন গ্রহণ করতে হবে;

(ঙ) সময় সময় সরকার কর্তৃক সংগঠন সংক্রান্ত আরোপিত শর্তাদি ও বিধি-বিধান অবশ্যই পালনীয় হবে এবং এ বিষয়ে সরকার কোন নির্দেশনা প্রদান করলে সংগঠনের সংঘস্মারক ও সংঘবিধিতে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে;

(চ) সংগঠনের জন্য আবশ্যিকভাবে স্থায়ী অফিস প্রতিষ্ঠা করতে হবে;

(ছ) নিবন্ধনের পর ০১ (এক) মাসের কম নয় বা ০৩ (তিন) মাসের অধিক নয় এ সময়ের মধ্যে সংগঠনের প্রথম সাধারণ সভা আহ্বান করতে হবে এবং ০৬ (ছয়) মাসের মধ্যে নির্বাচনের মাধ্যমে পূর্ণাঙ্গ নির্বাহী কমিটি গঠন করতে হবে;

(জ) সংগঠনটি সরকার এবং জনস্বার্থের পরিপন্থী কার্যক্রম বা রাষ্ট্র বিরোধী কোন তৎপরতায় লিপ্ত হবে না;

(ঝ) বাণিজ্য সংগঠন আইন, বাণিজ্য সংগঠন বিধিমালা, উল্লিখিত শর্তসমূহের এবং সংঘস্মারক ও সংঘবিধিতে উল্লিখিত শর্তাবলীর কোনরূপ বরখেলাপ বা লঙ্ঘন করা হলে এ সংগঠনকে প্রদত্ত লাইসেন্স বা নিবন্ধিকরণের কোন কার্যকারিতা বহাল থাকবে না এবং আইনের দৃষ্টিতে এই লাইসেন্স বাতিল বলে গণ্য হবে।

এ লাইসেন্স দু'হাজার ছাব্বিশ সনের সেপ্টেম্বর মাসের ০৭ (সাত) তারিখে আমার স্বাক্ষরে প্রদত্ত হলো।

০৭/০৯/২০২৬

(মোহাম্মদ মোস্তফা জামাল হায়দার)
মহাপরিচালক
বাণিজ্য সংগঠন অনুবিভাগ